

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৩৭

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

আরবী

137 – عَنْ أَبِي هُرَيْرَةَ (عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم قَالَ: « إِنَّ اللَّهَ خَلَقَ الْخَلْقَ حَتَّى إِذَا فَرَغَ مِنْ خَلْقِهِ قَالَتْ الرَّحِمُ: هَذَا مَقَامُ الْعَائِذِ بِكَ مِنْ الْقَطِيعَةِ، قَالَ: نَعَمْ، أَمَا تَرْضَيْنَ أَنْ أَصِلَ مَنْ وَصَلَكِ وَأَقْطَعَ مَنْ قَطَعَكِ؟ قَالَتْ: بَلَى يَا رَبِّ قَالَ: فَهُو لَكِ » . قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم : «فَاقْرَءُوا إِنْ شِئْتُمْ فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ ». (خ, م) صحيح

বাংলা

১৩৭. আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "আল্লাহ তা'আলা মখলুক সৃষ্টি করেছেন, অতঃপর যখন তিনি তার সৃষ্টি সম্পন্ন করেন তখন 'রাহেম'[1] বলে: এ হচ্ছে তোমার নিকট বিচ্ছিন্নতা থেকে আশ্রয় চাওয়ার স্থান, তিনি বলেন: হ্যাঁ। তুমি কি সম্ভুষ্ট নও যে, তোমাকে যে রক্ষা করবে আমি তাকে রক্ষা করব, তোমাকে যে ছিন্ন করবে আমি তাকে ছিন্ন করব? 'রাহেম' বলল: অবশ্যই হে রব, তিনি বলেন: এটাই তোমার জন্য"। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: "যদি তোমরা চাও তাহলে তিলাওয়াত কর:

﴿ فَهَلَ عَسَيَاتُمَا إِن تَوَلَّيَاتُمَ أَن تُفاسِدُواْ فِي ٱلآاً راض وَتُقَطِّعُوۤاْ أَراحَامَكُم ٢٢ ﴾ [محمد: ٢٢]

"সুতরাং অবাধ্য হয়ে মুখ ফিরিয়ে নিলে সম্ভবত তোমরা যমীনে বিপর্যয় সৃষ্টি করবে এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে।"?। [বুখারি ও মুসলিম] হাদিসটি সহিহ।

ফুটনোট

[1] অর্থাৎ আত্মীয়তার সম্পর্ক। আত্মীয়তার সম্পর্ক কিভাবে কথা বলল সেটা আমরা জানি না, তবে রাসূল বলেছেন, তাই আমাদেরকে এর উপর ঈমান আনতে হবে। যে আল্লাহ আমাদেরকে কথা বলিয়েছেন, তিনি সব কিছুকেই কথা বলাতে পারেন। [সম্পাদক]



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন